



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাস্থ্য/হাসৎ/রিজেন্ট/COVID হাসপাতাল বৃপ্তি/২০২০/৫৯৬


তারিখ: ০৯-০৫-২০২০ খ্রিঃ।

**বিষয়ঃ ডেডিকেটেড কোভিড রিজেন্ট হাসপাতাল লিমিটেড, মিরপুর ও উত্তরা, ঢাকার ডাঙ্কার, নার্স, ওয়ার্ড বয় এবং
অন্যান্য কর্মকর্তাদের খাবার খরচ বরাদ্দ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উক্ত রিজেন্ট হাসপাতাল লিমিটেড, মিরপুর ও উত্তরা শাখা ডেডিকেটেড কোভিড হাসপাতাল হিসাবে চালু আছে। রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত ডাঙ্কার, নার্স, ওয়ার্ড বয় সহ অন্যান্য কর্মচারীদের খাবার খরচ প্রদানের জন্য রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)। সেই ক্ষেত্রে কুর্মিটোলা বা কুয়েত মেত্রী হাসপাতালের সংগে সংযুক্ত করে ঐ হাসপাতালের কোডের বিপরীতে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

বিষয়টি বিবেচনার জন্য MOU Revision সহ অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email: directorhospital@ld.dgbs.gov.bd
ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

দৃঃআঃ অতিরিক্ত সচিব (হাসপাতাল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমষ্টি)
- ২। যগ্যসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, রিজেন্ট হাসপাতাল লিমিটেড, মিরপুর ও উত্তরা শাখা, ঢাকা।



Regent Hospital Ltd.

তারিখ: ৩০/০৮/২০২০ ইং

পরিচালক (হাসপাতাল)
স্বাস্থ্য অধিদপ্তর

~~৪/২
১৫/৮/২০২০~~
~~৪/৩/২০২০~~
৪/৫/২০২০

Mr. Kamal / Md.
মোঃ কামাল হাসপাতাল
৩০/০৮/২০২০

বিষয় : করোনা ডেডিকেটেড হাসপাতালের রোগী, নার্স ও অন্যান্য কর্মকর্তাগণের খাবার খরচ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, রিজেন্ট হাসপাতাল লিঃ - উত্তরা ও মিরপুর শাখায় করোনা রোগীদের চিকিৎসার জন্য ডেডিকেটেড হাসপাতাল হিসাবে কাজ করছে। বর্তমানে হাসপাতালে অনেক করোনা রোগী চিকিৎসাধীন রয়েছে এবং প্রতিদিনই নতুন রোগী ভর্তি হচ্ছে। হাসপাতাল কর্তৃপক্ষের জন্য রোগী, রোগীর চিকিৎসাসেবা প্রদানে নিয়োজিত ডাক্তার, নার্স, ওয়ার্ডবয় সহ অন্যান্য কর্মরতদের খাবারের খরচ বহন করা কষ্টসাধ্য হয়ে পরেছে।

এমতাবস্থায়, সময় বিষয়টি বিবেচনা করে সরকারের পক্ষ থেকে হাসপাতালের রোগী, রোগীর চিকিৎসাসেবা প্রদানে নিয়োজিত ডাক্তার, নার্স, ওয়ার্ডবয় সহ অন্যান্য কর্মরতদের খাবারের খরচ বহণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদাত্তে,

(মোঃ কামাল)

চেয়ারম্যান
রিজেন্ট হাসপাতাল লিঃ

DD(H-2)
২/৮